



Bangladesh Madrasah Education Board, Dhaka
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১



স্মারক নং-বামাশিবো/পরী/২২৮৭

তারিখ: ২২ শ্রাবণ ১৪২৫
০৬ আগস্ট ২০১৮

জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল মাদ্রাসা প্রধানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এতদসঙ্গে সংযুক্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়ের পত্রের মর্মানুযায়ী ইবতেদায়ী শিক্ষা সমাপনী এবং জেডিসি পরীক্ষার শিক্ষার্থীদের জন্য নিবন্ধন সনদের ফটোকপি সংরক্ষণ পূর্বক ঐ জন্ম তারিখ অনুযায়ী রেজিস্ট্রেশন করার জন্য অনুরোধ করা হলো।

ব্যর্থতায় প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। জন্ম তারিখ সংশোধনের কোনো আবেদন পরবর্তীতে বোর্ড কর্তৃক গ্রহণ করা হবে না।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০৬.০৮.১৮

এস. এম. মোর্শেদ বিপুল

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন : ৫৮৬১০২০২, ফ্যাক্স: ৫৮৬১৭৯০৮

ই-মেইল: controller@bmeb.gov.bd

অতিরিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়
জন্ম ও মৃত্যু নিবন্ধন (প্রশাসন শাখা)
স্থানীয় সরকার বিভাগ
পরিবহন পুল ভবন (৯ম তলা)
সচিবালয় লিঙ্ক রোড, ঢাকা-১০০০।
<http://br.lgd.gov.bd>

রেজিস্ট্রার	উন্নয়নের গণতন্ত্র
নিয়ন্ত্রক	শেখ হাসিনার মূলমন্ত্র
সচিব	
সচিবালয়/হিসাব	
সচিবালয়/প্রশাসন/কমান্ড	
সচিবালয়/নিয়ন্ত্রক সনদ	
সচিবালয়/কম্পিউটার	
তারিখ:	১৫-০৪-১৪২৫
তারিখ:	৩০-০৭-২০১৮

স্মারক নং- ৪৬.০৪.০০০০.১০১.১৮.০০১.১৭-৩৪০

বিষয়ঃ- বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন ও বিধিমালা আনুযায়ী ভর্তির সময় জন্ম নিবন্ধন সনদ পরীক্ষা পূর্বক ভর্তি নিশ্চিতকরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন ২০০৪ এর ধারা ১৮(৩) এর দফা "গ" অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে বয়স প্রমাণের জন্য জন্ম নিবন্ধন সনদের ব্যবহার বাধ্যতামূলক। জন্ম নিবন্ধন সনদে উল্লিখিত বয়স অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি বা রেজিস্ট্রেশন করা না হলে প্রকৃত বয়স গোপন করার সুযোগ থেকে যায়।

০২। সম্প্রতি এ কার্যালয়ে জন্ম নিবন্ধনের বয়স সংশোধনের জন্য দাখিলকৃত বেশ কিছু আবেদনে বয়স প্রমাণের দলিল হিসাবে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত সংযুক্ত সনদ পরীক্ষা করে নিম্নোক্ত তথ্য পাওয়া যায়ঃ-

ক্রমিক নং	আবেদনকারীর নাম	জন্ম নিবন্ধন সনদে উল্লিখিত জন্ম তারিখ	জন্ম নিবন্ধনের তারিখ	বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত দাখিল সনদে জন্ম তারিখ	বয়সের পার্থক্য
০১	মো: রাজু আহমেদ	১৯-০৮-১৯৮৮	১৯-১২-২০০৭	১৯-০৮-১৯৯৯	১১ বছর ০০ মাস ০০ দিন
০২	ফারুক হোসেন	১০-১২-১৯৮৩	২০-০৮-২০০৭	০৩-০২-২০০০	১৬ বছর ০১ মাস ২৪ দিন

০৩। বয়স সংশোধনের আবেদনসমূহে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত দাখিল সনদসমূহ পরীক্ষা করে দেখা যায়, জন্ম নিবন্ধন সনদে উল্লিখিত জন্ম তারিখ এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত সনদে উল্লিখিত জন্ম তারিখের মধ্যে বয়সের বেশ পার্থক্য রয়েছে। উক্ত জন্ম নিবন্ধন সনদসমূহ পরীক্ষা করে আরও দেখা যায় যে, জন্ম নিবন্ধন সনদসমূহ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত সনদ সমূহের বেশ পূর্বেই ইস্যু করা হয়েছে।

০৪। জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ এর বিধান মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে জন্ম নিবন্ধন সনদ গ্রহণ বাধ্যতামূলক হওয়া সত্ত্বেও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক নিবন্ধনের ক্ষেত্রে তা বিবেচনায় না নেয়ায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত সনদ ও জন্ম নিবন্ধন সনদের উল্লিখিত বয়সের মধ্যে ব্যাপক ব্যবধান পরিলক্ষিত হয়। এর ফলে প্রকৃত বয়স নির্ণয়ে জটিলতার সৃষ্টিসহ সরকারী চাকুরী ও অন্যান্য ক্ষেত্রে প্রকৃত বয়স গোপন করে বিভিন্ন প্রকার সুবিধা গ্রহণের সুযোগ থেকে যায়।

০৫। বর্গিতাবস্থায়, জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ (সংশোধিত ২০১৩) যথাযথ অনুসরণ পূর্বক বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক নিবন্ধন/ভর্তির সময় বয়সের প্রমাণক হিসাবে জন্ম নিবন্ধন সনদের বাধ্যতামূলক ব্যবহার নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ করা হলো।

- সংযুক্ত:- ১। জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন ২০০৪;
২। জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা ২০১৮
৩। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক ইস্যুকৃত সনদ ও জন্ম নিবন্ধন সনদ ০৪(চার) পাতা।

চেয়ারম্যান

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,
১৩-১৪, জয়নাগ রোড, বকশীবাজার, ঢাকা-১২১১।

অনুলিপিঃ- সদয় জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)।

- ১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব(সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব(সমন্বয়), মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৫। বিভাগীয় কমিশনার (সকল)।
- ৬। জেলা প্রশাসক (সকল)।

৩০/০৭/২০১৮
(জ্যোতির্ময় বর্মন)
রেজিস্ট্রার জেনারেল (অতিরিক্ত সচিব)
জন্ম ও মৃত্যু নিবন্ধন
ফোনঃ ৯৫৫৬৬০৬
ই-মেইলঃ bdrinfo@gmail.com